

“শেখ হাসিনার উদ্যোগ,
ঘরে ঘরে বিদ্যুৎ”



বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

Bangladesh Power Development Board

www.bpdb.gov.bd

কর্মচারী পরিদপ্তর
ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা
৯৫৫৩১০১

সূত্র নং- ২৭.১১.০০০০.২১০.১১.১৯.০০৩.১৯-১৭৭


তারিখ : ৩০-০৫-২০১৯ইং

বিজ্ঞপ্তি

ইহা লক্ষ্য করা যাইতেছে যে, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন বিভিন্ন দপ্তরে কর্মরত সহকারী প্রকৌশলী/উপ-বিভাগীয় প্রকৌশলীগণ উচ্চ শিক্ষা বা অন্য কোন প্রতিষ্ঠানে চাকুরীতে যোগদানসহ বিভিন্ন কারণে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত না করিয়া অননুমোদিতভাবে দপ্তরে অনুপস্থিত থাকেন, আবার কোন কোন সময়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ চাকুরী হইতে অব্যাহতির আবেদন জমা দেওয়া সত্ত্বেও সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ এ বিষয়ে বোর্ডকে অবহিত করেন না। ফলশ্রুতিতে বোর্ডে কর্মরত সহকারী প্রকৌশলী ও উপ-বিভাগীয় প্রকৌশলীর বর্তমান কর্মরত সংখ্যা এবং শূন্যপদের সংখ্যা চিহ্নিত করিতে বিঘ্নতার সৃষ্টি হয়। ইহাতে শূন্যপদের বিপরীতে পদোন্নতি প্রদান, পদোন্নতিউত্তর পদস্বকরণ ও নিয়োগসহ অন্যান্য কাজে প্রশাসনিক জটিলতার সৃষ্টি হয়। তাহাছাড়া যে সকল কর্মকর্তা অব্যাহতির জন্য আবেদন করেন, সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ প্রয়োজনীয় কাগজপত্রসহ তাহাদের আবেদন যথাসময়ে কর্মচারী পরিদপ্তরে প্রেরণ না করায় অব্যাহতির আদেশ চূড়ান্ত করিতে অনেক সময় ব্যয় হয়। ইহাতে বোর্ডের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়, যাহা কোনক্রমেই কাম্য নয়। সম্প্রতি চেয়ারম্যান মহোদয় এ বিষয়ে যথেষ্ট সতর্কতা অবলম্বনের জন্য নির্দেশনা প্রদান করিয়াছেন।

বর্ণিতাবস্থায়, বোর্ডে কর্মরত কোন কর্মকর্তা অননুমোদিতভাবে একনাগাড়ে অনধিক ৩০(ত্রিশ) দিন অনুপস্থিত থাকিলে তাহা জরুরীভিত্তিতে বোর্ডকে তথা কর্মচারী পরিদপ্তরকে অবহিত করিতে হইবে এবং কোন কর্মকর্তা বোর্ডের চাকুরী হইতে অব্যাহতির জন্য আবেদন করিতে চাহিলে তিনি প্রয়োজনীয় কাগজপত্রসহ সরাসরি পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বিউবো, ঢাকা বরাবর আবেদন করিবেন।

নির্দেশক্রমে,



(মেহেরন নেছা খানম)

পরিচিতি নং ২-০০৬৪


উপ-পরিচালক-১(কর্ম)

তারিখ : ৩০-০৫-২০১৯ইং

সূত্র নং-২৭.১১.০০০০.২১০.১১.১৯.০০৩.১৯-১৭৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :-

- ১। সকল দপ্তর প্রধান.....
- ২। সি.এস.ও টু চেয়ারম্যান, বিউবো, ঢাকা।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ঢাকা কম্পিউটার সেন্টার, বিউবো, ঢাকা(বিউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। উপ-সচিব, প্রশাসন/অর্থ/উৎপাদন/বিতরণ/পিএন্ডডি/কোম্পানী এ্যাফেয়ার্স, বিউবো, ঢাকা।
- ৫। সহকারী পরিচালক-৯/১২(কর্ম), বিউবো, ঢাকা।



(পার্শ্বসারথি স্মরোজিৎ সরকার)

পরিচিতি নং-২-০২৫৬

সহকারী পরিচালক-২(কর্ম)

বিউবো, ঢাকা

ফোন : ৯৫৬৬০৬১-৫, পিএবিএক্সঃ-৩৭১